

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ
চাঁদপুর সদর, চাঁদপুর।

স্মারক নং-৫১.০১.১৩২২.০২৪.০১.০০১.২৩-১১৯২ /ত্রাণ

তারিখঃ ০৪.০৪.২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থবছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে দুঃস্থ ও অতিদরিদ্র ব্যক্তি/পরিবারের জন্য উপজেলাওয়ারী ভিজিএফ খাদ্যশস্য (চাল) সহায়তা প্রদান প্রসংগে।

সূত্রঃ ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০৩২.২২-১৭৮, তাং-৩০.০৩.২০২৩খ্রিঃ।


খ) জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের স্মারক নং-৫১.০১.১৩০০.০০০.০৮.০০২.২৩-১৪০, তারিখ ০৩.০৪.২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ভিজিএফ কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় ১৫,১২২ কার্ডের বিপরীতে ১৫১,২২০ মেঃ টন খাদ্যশস্যের (চাল) বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দকৃত কার্ড এবং খাদ্যশস্য নিম্নবর্ণিত ইউনিয়নে বিভাজন করা হলো। বরাদ্দ সম্পর্কে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অবশ্যই অবহিত করতে হবে। উল্লেখিত পরিমাণ কার্ড/খাদ্যশস্য ভিজিএফ কর্মসূচীর বাস্তবায়ন সংক্রান্ত পরিপত্র এর আলোকে ইউনিয়ন ভিজিএফ কমিটির মাধ্যমে ভিজিএফ উপকারভোগীদের তালিকা নিম্নবর্ণিত শর্তাবলী মোতাবেক প্রস্তুত করে কমিটির রেজুলেশানসহ আগামী ০৯.০৪.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে উপকারভোগীর তালিকা দাখিলে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ইউনিয়নের কার্ড বাতিল করে উপজেলার অন্যান্য ইউনিয়নে চাহিদা মোতাবেক পুনঃ বন্টন করা হবে। প্রতি পরিবারকে ১০.০০(দশ)কেজি হারে চাল প্রদান করতে হবে। উপকারভোগীর তালিকা জমা প্রদান ব্যতিরেকে কোনভাবেই ভিজিএফ খাদ্যশস্যের অর্পনাদেশ প্রদান করা হবে না।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	ভিজিএফ কার্ড সংখ্যা	বরাদ্দকৃত মেঃ টনঃ খাদ্যশস্য	মন্তব্য
০১.	চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউ.পি	১৩৬১	১৩.৬১০	-
০২.	চেয়ারম্যান, আশিকাটি ইউ.পি	১১৮৩	১১.৮৩০	-
০৩.	চেয়ারম্যান, কল্যানপুর ইউ.পি	৭৩২	৭.৩২০	-
০৪.	চেয়ারম্যান, শাহমাহমুদপুর ইউ.পি	১২২৫	১২.২৫০	-
০৫.	চেয়ারম্যান, রামপুর ইউ.পি	১০৭৯	১০.৭৯০	-
০৬.	চেয়ারম্যান, মৈশাদী ইউ.পি	৭৪০	৭.৪০০	-
০৭.	চেয়ারম্যান, তরপুরচড়ি ইউ.পি	৫৯৩	৫.৯৩০	-
০৮.	চেয়ারম্যান, বাগাদী ইউ.পি	১৫৮৫	১৫.৮৫০	-
০৯.	চেয়ারম্যান, বালিয়া ইউ.পি	১৫০৪	১৫.০৪০	-
১০.	চেয়ারম্যান, লক্ষ্মীপুর মডেল ইউ.পি	১৯৫৩	১৯.৫৩০	-
১১.	চেয়ারম্যান, ইব্রাহিমপুর ইউ.পি	৬৪০	৬.৪০০	-
১২.	চেয়ারম্যান, চান্দা ইউ.পি	১৩৬৯	১৩.৬৯০	-
১৩.	চেয়ারম্যান, হানারচর ইউ.পি	৪২৪	৪.২৪০	-
১৪.	চেয়ারম্যান, রাজরাজেশ্বর ইউ.পি	৭৩৪	৭.৩৪০	-
	মোট=	১৫,১২২ কার্ড	১৫১,২২০	-

শর্তাবলীঃ (১) বরাদ্দ সম্পর্কে মাননীয় সংসদ সদস্যকে অবশ্যই অবহিত করতে হবে। (২) ভিজিএফ উপকারভোগীর বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে। (ক) আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী বরাদ্দকৃত ভিজিএফ কার্ড ওয়ার্ড ভিত্তিক পুনঃ বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। (খ) সংশোধিত নীতিমালা অনুযায়ী মোট উপকারভোগীর মধ্যে ৭০ ভাগ মহিলার নাম অর্ন্তভুক্ত করতে হবে। দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে। (গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কর্মপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবারের দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে। (১) যে পরিবারের মাশিকানায কোন জমি নেই বা ভিটা বাড়ী ছাড়া কোন জমি নেই। (২) যে পরিবারের দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল। (৩) যে পরিবারের মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল। (৪) যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই। (৫) যে পরিবারের স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়। (৬) যে পরিবারের উপার্জনশীল কোন সম্পদ নেই। (৭) যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা/বিধিহীন তালাকপ্রাপ্ত মহিলা। (৮) যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা। (৯) যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী। (১০) যে পরিবার প্রধান কোন ক্ষুদ্র বান প্রাপ্ত হয়নি। (১১) যে পরিবারের প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে। (১২) যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় "দু" বেলা খাবার পায় না। (১৩) ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভার বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে। (১৪) মঞ্জুরীকৃত চাল নিম্নবর্ণিত শর্তাদি পালন পূর্বক বিলি বন্টন করতে হবে। (ক) ভিজিএফ উপকারভোগী তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড না পায়।

বিষয়টি অতীত জরুরী।


(সান্নজিদা শাহনাজ)
উপজেলা নির্বাহী অফিসার,
চাঁদপুর সদর, চাঁদপুর।
০৪/০৪/২৩

চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ,

চাঁদপুর সদর, চাঁদপুর।

স্মারক নং-৫১.০১.১৩২২.০২৪.০১.০০১.২৩-১১৯২ /ত্রাণ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় শিক্ষামন্ত্রী ও সংসদ সদস্য, ২৬২ চাঁদপুর-৩ নির্বাচনী এলাকা।


২। জেলা প্রশাসক, চাঁদপুর।

৩। চেয়ারম্যান, চাঁদপুর সদর উপজেলা পরিষদ, চাঁদপুর।

৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চাঁদপুর।

৫। উপজেলা.....অফিসার ও ত্রাণ তদারকি অফিসার.....ইউনিয়ন পরিষদ, চাঁদপুর সদর, চাঁদপুর।

৬। কার্যালয় প্রতিলিপি।


উপজেলা নির্বাহী অফিসার,
চাঁদপুর সদর, চাঁদপুর।
০৪/০৪/২৩

তারিখঃ ০৪.০৪.২০২৩ খ্রিঃ।